

# বিবেক থাকে লুকিয়ে

শামস রহমান

ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
পথহীন পথ চেয়ে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
বানের টল উজানে বেয়ে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
অমাবস্যার আঁধারে শত সহস্রে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
পূর্ব পুরুষের ইতিবৃত্ত লালন করে চিত্তে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
হাজার বছরের কাদা-জলে গড়া উর্ঠান ফেলে;  
আরাকান দুয়ারে ওদের অনল ছলে॥  
বিশ্ব দেখে বিশ্বয়,  
বিবেক থাকে লুকিয়ে॥

ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
উত্তরের পাহাড় ডিঙিয়ে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
পশ্চিম সীমান্তের দিগন্ত পেড়িয়ে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
অপার অনিষ্টিতের আশ্রয়ে।  
বিশ্ব দেখে বিশ্বয়ে,  
বিবেক থাকে লুকিয়ে॥

ওরা আসে ধেয়ে, প্রাণের ভয়ে;  
শিশু গুজে মুখ মায়ের বুক।  
ওরা আসে ধেয়ে, প্রাণের ভয়ে;  
কিশোরীর পুতুল ডুবে উবু-ডুবু জলে;  
প্রথম পাঠের পংতি কিশোর গেছে ভুলে।  
ওরা আসে ধেয়ে, প্রাণের ভয়ে;  
অশীতি হাটে দৃঢ়তায় বেঁধে যুবকের কাধেঁ।  
রাজনীতি যথারীতি চলে কৌশলে;  
বিবেক থাকে লুকিয়ে॥

ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
পুরুষের অস্পৃশ্য মৃত দেহ পিছনে ফেলে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
বিদীর্ঘ বস্ত্রে কামুকের চিহ্ন লুকিয়ে।  
ওরা আসছে ধেয়ে, প্রাণের ভয়ে;  
মরণ ওদের সহস্রে ভাসে নাফের জলে;  
ম্যেরেনিতসার প্রেতাঞ্চা ছলে পূর্ণিমা চাঁদের উজ্জলে।  
সিন্ধার্থ দেখে বিশ্বয়ে,  
বিবেক থাকে লুকিয়ে॥